মেহেরপুরে মিথ্যা মামলা করতে এসে জেলে গেলেন বাদী

মামলা দায়ের করতে গিয়ে আসামি হয়ে জেলে গেলেন স্বয়ং বাদী।

আজ রবিবার (২৯ মে) মেহেরপুর আমলি আদালতের ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ মিথ্যা মামলা দায়ের করায় বাদীর বিরুদ্ধে স্বপ্রণোদিত হয়ে মামলা দায়ের করেন এবং তাকে জেলহাজতে প্রেরনের নির্দেশ প্রদান করেন।
আদালত সূত্রে জানা যায়, মো: মিজানুর রহমান নামে এক ব্যক্তি ৬ জনকে আসামী করে একটি মামলা দায়ের করেন। অভিযোগে তিনি বলেন, আসামিরা ৬ জন মিলে ধারালো রাম দা, হাসুয়া, বটি এবং রড দিয়ে বাদীকে হত্যার উদ্দেশ্যে মাথা, গলা এবং শরীরের বিভিন্ন স্থানে আঘাত করেন। রাম দা ও হাসুয়ার কোপে তার মাথায় রক্তাক্ত হাড় ভাঙ্গা জখম হয়। এছাড়া গলা এবং হাতে মারাত্মক আঘাত লাগে। ভিকটিম মো: মিজানুর রহমান নিজে বাদী হয়ে মামলা দায়ের করতে আসেন।

আদালতে হলফ করে সে ঘটনার এমন বর্ণনা প্রদান করেন। তার মাথা, গলা এবং হতে রক্তমাখা ব্যান্ডেজ দেখা যায়। কিন্তু, আঘাতের বর্ণনা এবং হামলার ধরন শুনে আদালতের সন্দেহ হয়। জবানবন্দি রেকর্ড করার পর আদালতের ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ তার আঘাত দেখতে চান। আদালতে তার মাথা, গলা এবং হাতের ব্যান্ডেজ খোলা হয়। এবার দেখা যায় তার শরীরে এমন কোন আঘাতের চিহ্ন নেই, সামান্য আঁচড়ের মত চিহ্ন আছে। এছাড়া চিকিৎসা ব্যবস্থাপত্র দেখেও বাদীর বর্ণনা মিথ্যা মর্মে প্রতীয়মান হয়। বিধায় আদালত মামলাটি ফৌজদারি কার্যবিধির ২০৩ ধারায় খারিজ করে দেন। একই সাথে মিথ্যা মামলা এবং হলফ করে মিথ্যা বিবৃতি দেওয়ায় তার বিরুদ্ধে স্বপ্রণোদিত হয়ে মামলা দায়ের করে বাদীকে জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন।

মেহেরপুর শহরে সাংবাদিকের বাড়ি ঘরে হামলা ও ভাঙচুর

পূর্ব শত্রতার জের ধরে বাড়ির সীমানা প্রাচীর ভাঙচুর ও বাড়ির মালিককে ইটপাটকেল ছুঁড়ে মারা ও হুমকী দিয়েছে প্রতিপক্ষরা।
আজ রবিবার (২৯ মে) মেহেরপুর শহরের কাঁশারীপাড়া এলাকায় দৈনিক পক্ষকালের সম্পাদক ও সিনিয়র সাংবাদিক শফিকুল ইসলাম কাজলের বাড়িতে এ হামলার ঘটনা ঘটে। হামলাকারী একই পাড়ার গোলাম রহমানের ছেলে আব্দুল করিম, মো: বিল্টু ও মন্টু ।

এঘটনায় সাংবাদিক শফিকুল ইসলাম কাজল বাদী হয়ে মেহেরপুর সদর থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন।

সাংবাদিক শফিকুল ইসলাম কাজল জানান, পূর্ব শত্রতার জের ধরে প্রতিপক্ষরা দীর্ঘদিন যাবৎ আমার বাড়িতে অত্যাচার করে আসছে। ২৭ তারিখ দিবাগত রাত আনুমানিক তিনটার দিকে তারা তিনজন আমার বাড়ির সীমানা প্রাচীর ভাঙচুর শুরু করে। আমি তাদের নিষেধ করলে আমাকে ইটপাটকেল ছুঁড়ে মারে। এছাড়া নানাভাবে হুমকী ধামকী দেই। আমার সীমানা প্রাচীর ভাঙাতে প্রায় লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

আমি মেহেরপুর সদর থানায় বাদী হয়ে তিনজনকে আসামী করে একটি লিখিত অভিযোগ দিয়েছি।

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে প্রবাসীর স্ত্রীর মৃত্যু

টয়লেট পরিষ্কার করতে গিয়ে বিদ্যুতায়িত হয়ে সারমিন আক্তার (৩৮) নামের এক গৃহবধুর মৃত্যু হয়েছে।

আজ রোববার (২৯ মে) বিকেলে নিজ বাড়িতে এ ঘটনা ঘটে। শারমিন আক্তার গাংনী উপজেলার বড় বামন্দী গ্রামের প্রবাসী আরেজুল হকের স্ত্রী।

স্থানীয় সূত্রে জানা গেছে, শারমিন আক্তার বিকেলে বাড়ির টয়লেট পরিষ্কার করছিলেন। এ সময় বৈদ্যুতিক মোটরের লাইনে বিদ্যুতায়িত হয়ে তিনি পড়ে ছিলেন। পরে আশেপাশের লোকজন তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। মরদেহ নিজ বাড়িতে ফিরিয়ে নেয় পরিবারের লোকজন।

শারমিন আক্তার দুই ছেলে মেয়ের জননী। স্বামী ও ছেলে প্রবাসে। একমাত্র মেয়েকে নিয়ে তিনি বাড়িতে বসবাস করতেন।

মেহেরপুরে ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুর হেল্প ফাউন্ডেশনের আয়োজনে সদর উপজেলার উত্তরশালিকা গ্রামের ৫ শতাধিক দরিদ্র অসহায় রোগীদের মাঝে ফ্রী মেডিকেল চিকিৎসা সেবা দেওয়া হয়েছে।

আজ রবিবার (২৯ মে) সকাল ৮ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত উত্তর শালিকা গ্রামের হাট প্রাঙ্গণে এই ফ্রী মেডিকেল সেবা প্রদান করেন হেল্প ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সাইকো কাউন্সিলিং ও ফিজিও থেরাপিষ্ট ও পুষ্টিবিদ দিলারা জাহান ও খুলনা মেডিকেল কলেজের ইউনানি চিকিৎসক শামীম রেজা।

এসময় হেল্প ফাউন্ডেশনের উপদেষ্টা সাংবাদিক রফিকুল আলম, সাংবাদিক আলামিন হোসেন, সন্ধানী স্কুল এন্ড কলেজের শিক্ষক মহিবুল ইসলাম ও উত্তর শালিকা গ্রামের বিশিষ্ট ব্যাক্তি আব্দুল বারী উপস্থিত ছিলেন।

ফ্রী মেডিকেল ক্যাম্পে এলাকার অসহায় দরিদ্র ৫ শতাধিক রোগীকে হাপানি, ডায়াবেটিকস, এ্যাজমা, হাটু, মাজা ও শিরায় ব্যাথাসহ ফিজিও থেরাপি চিকিৎসা প্রদান করা হয়।

মেহেরপুরে আদালত চত্তরে দুই পুলিশ সদস্যকে কিল ঘুষি মারল আসামী

আদালত চত্ত¡রেই পুলিশের উপর হামলা চালালো নারী ও শিশু নির্যাতন মামলার আসামী আব্দুল মাবুদ। আহত পুলিশ সদস্যরা হলেন- পুলিশ কনস্টেবল আজিমুদ্দীন ও রেজাউল ইসলাম।

তাদেরকে মেহেরপুর জেনারেল হাসপাতালে প্রাথমিকভাবে চিকিৎসা দেওয়া হয়েছে বলে জানান মেহেরপুর কোর্ট ইনেসপেক্টর মহম্মদ আলী।

আজ রবিবার (২৯ মে) দুপুরে মেহেরপুর নারী ও শিশু নির্যাতন আদালতে এ ঘটনা ঘটে। এঘটনায় হামলাকারী আব্দুল মাবুদকে গ্রেফতার করেছে পুলিশ। সে নারী ও শিশু নির্যতন দমন আইনের একটি মামলায় আদালতে হাজিরা দিতে গিয়েছিলেন। আব্দুল মাবুদ গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের সানোয়ার হোসেনের সনি মিয়ার ছেলে।

কোর্ট ইনসপেক্টর গোলাম মহাম্মদ আলী জানান, আসামী আব্দুল মাবুদের স্ত্রী হাড়িয়াদহ গ্রামের জেসমিন খাতুন নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি মামলা দায়ের করেন। ওই মামলার আসামি হিসেবে মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালতে হাজিরা দিতে আসেন। মামলায় বাদি পক্ষের কয়েকজন স্বাক্ষ্য দিলে সে আদালত চত্তরেই তাদেরকে উচ্চস্বরে হুমকি দেন মাবুদ।
এক পর্যায়ে মাবুদ উত্তেজিত হয়ে পড়লে আদালতে দায়িত্ব পালনকারী দুই পুলিশ সদস্য তাকে নিবৃত করার চেষ্টা করেন। এতে আব্দুল মাবুদ তাদের উপর আক্রমণ করে। উপর্যুপরি কিল-ঘুষি দিয়ে পালানোর চেষ্টা করে সে। এসময় পুলিশ তাকে আটক করতে সক্ষম হয়।

ঘটনার সত্যতা নিশ্চিত করে আদালতে কর্মরত পুলিশ পরিদর্শক গোলাম মোহাম্মদ জানান, সরকারি কাজে বাধা প্রদান ও আদালতে বিশৃংখলা সৃষ্টির দায়ে মাবুদের নামে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। তাকে থানার মাধ্যমে জেলা কারাগারে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে মাদক পাচার ও পাচার মোকাবেলায় সমন্বিত কৌশল বিষয়ক কর্মশালা

বাংলাদেশ সীমান্তবর্তী বত্রিশটি জেলার মাদক পাচারের চিত্র এবং পাচার মোকাবেলায় সমন্বিত কৌশল নির্ধারণ বিষয়ক গবেষণা কাজের জন্য মেহেরপুরে জেলা পর্যায়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় ও স্টেপস্ টুয়ার্ডস ডেভেলপমেন্ট এর বাস্তবায়নে সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থা এ কর্মশালার আয়োজন করে।

আজ রবিবার (২৯ মে) দুপুরে মেহেরপুর সদর উপজেলার স্থানীয় সংস্থা সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার প্রশিক্ষণ কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমানের সভাপতিত্বে কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন, স্টেপস্ টুয়ার্ডস ডেভেলপমেন্টের প্রতিনিধি মোঃ ইমাম হোসেন।

সুবাহ্ সংস্থার নির্বাহী পরিচালক মঈন-উল-আলমের সঞ্চালনায় কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মোঃ আব্দুল মান্নান, রঘুনাথপুর কলোনিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহিদুল ইসলাম, আমঝুপি আলীম মাদ্রাসার সহকারী শিক্ষক শফিকুল ইসলাম, আমঝুপি শিশু কিশোর সংগঠনের প্রতিষ্ঠাতা আসাদুজ্জামান লিটন, সমাহার নারী কল্যাণ সমিতির প্রতিষ্ঠাতা কাজল রেখা প্রমুখ। কর্মশালায় বত্রিশটি জেলার মাদক পাচারের চিত্র এবং পাচার মোকাবেলায় সমন্বিত কৌশল নির্ধারণ বিষয়ক নানা দিক আলোচনা করা হয়।

মুজিবনগরে আত্মীয়কে চরিত্রহীন আখ্যা দিয়ে বাড়ির মালিকের কাছে চাঁদা দাবী

বেড়াতে আসা নিকট আত্মীয়কে মিথ্যা চরিত্রহীন আখ্যা দিয়ে একটি পরিবারের কাছ থেকে ১ লক্ষ টাকা চাঁদা দাবী করেছে স্থানীয় একটি মাদকাসক্ত গ্রপ।
ওই গ্রপকে ৩০ হাজার টাকা চাঁদা দিয়েও মাফ পাননী অসহায় ওই পরিবারটি। বাকী ৭০ হাজার টাকা আদায় করতে এখন পরিবারের লোকজনকে অস্ত্রের ভয়ভীতি দেখানোর পাশাপাশি প্রতিনিয়ত হুমকী ধামকী দিচ্ছেন তারা।

মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামে এই চাঁদাবাজির ঘটনাটি ঘটেছে। এঘটনায় বাড়ির মালিক আলেক হোসেন বাদী হয়ে মুজিবনগর থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন। মুজিবনগর থানার উপপরিদর্শ (এসআই) ই¯◌্রাফিল ঘটনার তদন্ত করেছেন। তবে এখনো কোনো আইনগত ব্যবস্থা নেননি।

ভুক্তভোগী মোনাখালি ইউনিয়নের রশিকপুর গ্রামের মৃতু বজু বিশ্বসের ছেলে আলেক হোসেন জানান, চলতি মাসের ২২ তারিখে আমার বাড়িতে এক নিকট আত্মীয় এসেছিলেন। সে (আত্মীয়)আমার বাড়িতে থাকা অবস্থায় রশিকপুর গ্রামের সাইফুল ইসলামের ছেলে আব্দুল মতিন, আব্দুল কুদ্দুছের ছেলে আরজ আলী, তাহাজ আলীর ছেলে আকামত আলী, জুমাদ আলীর ছেলে কুবাদ আলীসহ কয়েকজন তার বাড়িতে হানা দেয়। তারা মিথ্যা অভিযোগ তোলেন আমার আত্মীয় একজন চরিত্রহীন। তারা আমাদের বাড়ির লোকজনকে শালিস করে বিচার না হলে থানা পুলিশ দিয়ে তুলে নিয়ে নিয়ে যাওয়ার ভয় দেখায়। এক পর্যায়ে আমার কাছ থেকে ১ লাখ টাকা দাবী করে। না দিলে মান ইজ্জত থাকবেনা বলে ভয় দেখায়। মান ইজ্জতের কথা ভেবে তাদের আমি ৩০ হাজার টাকা দিয়ে মাফ চাই। সেদিন ৩০ হাজার টাকা নিয়ে চলে গেলেও এখন আবারও ৭০ হাজার টাকা দাবী করছে তারা। তাদের দাবীকৃত টাকা দিতে না পারায় বাড়ির উপর এসে নানাভাবে ভয়ভীতি দেখানো ছাড়াও হয়রানি করছে। এখন আমরা তাদের ভয়ে আতংকিত।

প্রাণনাশের আশংকায় জীবন যাপন করছি।

মোনাখালি ইউনিয়ন পরিষদের রশিকপুর গ্রামের স্থানীয় ৯ নং ওয়ার্ডের সদস্য (মেম্বর) পালু জানান, বিষয়টি ২২ মে ঘটলেও আমি ঘটনাটি ২৬ মে জানতে পাই। পরে বিষয়টি স্থানীয় কোমরপুর পুলিশ ক্যাম্পে জানানোর পর কোমরপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আজম বিশ্বাস ও এসআই সেলিম রেজা ঘটনাস্থলে আসেন। পরে তারা বিষয়টি মুজিবনগর থানায় একটি লিখিত অভিযোগ দেওয়ার পরামর্শ দেন। তার দেওয়া পরামর্শমত, ওই দিনই আলেক হোসেন মুজিবনগর থানায় একটি লিখিত অভিযোগ দেন।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল জানান, এ সংক্রান্ত একটি লিখিত অভিযোগ পেয়ে থানার উপপরিদর্শক (এসআই) ই¯◌্রাফিলকে তদন্তভার দেওয়া হয়েছে। সে ঘটনাস্থল পরিদর্শন করেছেন। সে বর্তমানে স্বাক্ষী দিতে গেছেন। আসলে আইনগত ব্যবস্থা শুরু হবে। তিনি আরও বলেছেন আজ রবিবার সকালের দিকে এ নিয়ে হট্টগন্ডগোল হচ্ছে শুনে আবারও ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

স্থানীয়রা জানান, আব্দুল কুদ্দুছের ছেলে সিরাজুল ইসলাম এর আগে মাদকের মামলায় পুলিশের হাতে আটক হয়েছিলেন। এছাড়া ওই গ্রæপের সবাই মাদকের সাথে জড়িত। তাদের ভয়ে এলাকায় কেউ মুখ খুলতে পারেনা।

গাংনীর গোপালনগর গ্রামের এসআই রাশেদ পুকুরে ডুবে নিহত

কলারোয়া থানা চত্ত¡রের পুকুরে গোসল করতে গিয়ে হার্ট অ্যাটাক করে মারা গেছেন গাংনী উপজেলার গোপলনগর গ্রামের ছেলে উপপরিদর্শক (এসআই) আরিফুর রহমান ওরফে রাশেদ।
এসআই রাশেদ গাংনী উপজেলার গোপালনগর গ্রামের লোকমান হোসেনের ছেলে।
আজ রবিবার (২৯ মে) সকাল সাড়ে ৯টার সময় সাতক্ষীরা জেলার কলারোয়া থানা চত্বরের পুকুরের পানিতে ডুবে মারা যান তিনি।
রাশেদের বন্ধু গোপালনগর গ্রামের নুরুল ইসলাম জানান, রবিবার সকালের দিকে আরিফ হোসেন কলারোয়া থানা চত্বরের একটি পুকুরে

গোসুল করতে যান। গোসল করার এক পর্যায়ে সে পানির মধ্যেই তার হার্ট অ্যাটাক হয়।
এসময় সহকর্মীরা তাকে উদ্ধার করে কলারোয়া হাসপাতালে নিলে, কর্তব্যরত ডাক্তার মৃত ঘোষণা করেন। কলারোয়া থানার ওসি নাছির উদ্দীন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।
পারিবারিক সূত্র জানান, এর আগে রাশেদ কুষ্টিয়া সদর থানা ও কুষ্টিয়া জেলা গোয়েন্দা পুলিশে দীর্ঘদিন যাবৎ কর্মরত ছিলেন। চার মাস পূর্বে কুষ্টিয়া থেকে সাতক্ষীরার কলারোয়া থানায় বদলি হন তিনি। এসআই রাশেদ তিন সন্তানের জনক ছিলেন।

মেহেরপুরে ইভিএম বিষয়ে আইসিটি শিক্ষকদেরকে তিনদিনের “ট্রাবল শুটিং”প্রশিক্ষণ

আসন্ন স্থানীয় পৌর ও ইউনিয়ন পরিষদ নির্বাচনের কেন্দ্রে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) বিষয়ে দায়ীত্ব পালন উপলক্ষে আইসিটি শিক্ষকদেরকে “ট্রাবল শুটিং” বিষয়ে তিনদিন ব্যাপি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
মেহেরপুর নির্বাচন অফিসের হলরুমে এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ আবু আনছার। নির্বাচনে দায়ীত্ব পালন উপলক্ষে জেলার বিভিন্ন বিদ্যালয়ের ৭৫ আইসিটি শিক্ষকদের মাঝে পর্যায়ক্রমে তিনদিন ব্যাপি এ প্রশিক্ষণ দেওয়া হয়।
এসব প্রশিক্ষিত শিক্ষকরা ইভিএম পদ্ধতি নির্বাচন চলাকালিন সময়ে প্রয়োগ করবেন।
উপস্থিত রয়েছেন, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন কর্মকর্তা ও মেহেরপুর পৌরসভা নির্বাচন পরিচালনার দায়িত্ব নিয়োজিত রিটার্নিং অফিসার তারেক আহমেদ, মেহেরপুর সদর উপজেলা নির্বাচন অফিসার দোলন কান্তি চক্রবর্তী, গাংনী উপজেলা নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ আবদুল আজিজ, মুজিবনগর উপজেলা নির্বাচন অফিসার মেহেদী হাসান প্রমুখ। আগামী ১৫ জুন মেহেরপুর পৌর সভা ও সদর উপজেলার আমঝুপি বারাদী,

পিরোজপুর ও শ্যামপুর ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২২ অনুষ্ঠিত হবে।

মুজিবনগরে আনসার ভিডিপি সমাবেশ অনুষ্ঠিত

মুজিবনগরে উপজেলা আনসার ভিডিপি ও গ্রাম প্রতিরক্ষা বাহীনির সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
রবিবার সকালে মুজিবনগর কমপ্লেক্স মিনি সংসদ অডিটরিয়মে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।
উপজেলা আনসার ভিডিপি অফিসার মিরাজুল ইসলামের সভাপতিত্বে উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুরে জেলা আনসার ভিডিপি ও গ্রাম প্রতিরক্ষা বাহীনির জেলা কমান্ডেন্ট (বিভিএম) সাহাদত হোসেন।
উপজেলা প্রশিক্ষিকা ফেরদৌসী আরার সঞ্চালনায়, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান,সিনিয়র উপজেলা মৎস অফিসার শহিদুল ইসলাম,ডিঙ্গেদহ-চুয়াডাঙ্গার ১৪ আনসার ব্যাটালিয়নের কোম্পানি কমান্ডার জাহিদুল ইসলাম,মেহেরপুর সদরের আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক এর ব্যাবস্থাপক হেলাল উদ্দীন প্রমুখ।
সমাবেশ শেষে মুজিবনগরের ১ম অস্থায়ী সরকার গঠনে গার্ড অব অনার প্রদানকারী ৩ জন আনসার সদস্যসহ উপস্থিত অতিথিদের মাঝে মোট ১৩ জনকে সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয় এবং
দায়িত্ব পালনে বিভিন্ন কৃতিত্ব অর্জন করায় ১০ জন আনসার ভিডিপি সদস্যকে পুরষ্কৃত করা হয়।